# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৫৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর সালাত বা দরুদ পাঠ করার আগে যে সালাম পেশ করতে হয় তার বিবরণ

## ذِكْرُ وَصْفِ السَّلَامِ الَّذِي يتقدَّم الصَّلَاةَ عَلَى الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

1953 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحُسَيْنِ الْجَرَادِيُّ بِالْمَوْصِلِ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ زُرَيْقٍ الرَّسْعَنِيُّ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ خَالِدٍ الصَّنْعَانِيُّ قَالَ: حَدَّثَنَا الثَّوْرِيُّ عَنِ الْأَعْمَشِ وَمَنْصُورٍ وَحُصَيْنٍ وَأَبِي هَاشِمٍ وَحَمَّادِ بْنِ أَبِي سُلَيْمَانَ عَنْ أَبِي وَائِلٍ وَأَبِي إِسْحَاقَ عَنْ أَبِي الْأَحْوَصِ وَالْأَسْوَدِ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: كُنَّا لَا نَدْرِي مَا نَقُولُ في الصلاة: السَّلَامُ عَلَى اللَّهِ السَّلَامُ عَلَى جِبْرِيلَ السَّلَامُ عَلَى مِيكَائِيلَ فعلَّمنا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (إِنَّ اللَّهَ هُوَ السَّلَامُ فَإِذَا جَلَسْتُمْ فِي رَكْعَتَيْنِ فَقُولُوا: التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ) ـ قَالَ أَبُو وَائِلٍ فِي حَدِيثِهِ عَنْ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا قُلْتَهَا أَصَابَتْ كُلَّ عَبْدٍ صَالِحٍ فِي السَّمَاءِ وَالْأَرْضِ)
وَقَالَ أَبُو إِسْحَاقَ فِي حَدِيثِهِ عن عبد الله: (إذا قلتها أصابت كل عَبْدٍ مُقَرَّبٍ وَنَبِيٍّ مُرْسَلٍ أَوْ عَبْدٍ صَالِحٍ – أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أن محمداً عبده ورسوله)
الراوي : عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1953 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (889)

বাংলা

১৯৫৩. আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা জানতাম না যে, আমরা সালাতে কী বলবো, তখন আমরা বলতাম “আল্লাহর উপর শান্তি বর্ষিত হোক, জিবরীল আলাইহিস সালামের প্রতি শান্তি বর্ষিত হোক, মীকাঈল আলাইহিস সালামের প্রতি শান্তি বর্ষিত হোক।” তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের তাশাহহুদ শিক্ষা দেন এবং বলেন, “নিশ্চয়ই আল্লাহ নিজেই শান্তিদাতা। কাজেই তোমরা যখন দ্বিতীয় রাকা‘আতে বসবে, তখন বলবে, التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ محمداً عبده ورسوله (সমস্ত অভিবাদন, সালাত ও পবিত্র জিনিস আল্লাহর জন্য। হে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনার প্রতি বর্ষিত হোক আল্লাহর রহমত, বরকত ও সালাত। শান্তি বর্ষিত হোক আমাদের উপর এবং আল্লাহর সৎবান্দাদের উপর। -আবূ ওয়াইল আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু আনহু মারফত বর্ণিত হাদীসে বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তুমি এরকম বলবে, তখন আসমান ও জমিনের প্রত্যেক সৎ বান্দাদের কাছে পৌঁছে যাবে।”

আবূ ইসহাক আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু আনহু মারফত বর্ণিত হাদীসে বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তুমি এরকম বলবে, তখন আল্লাহর প্রত্যেক নৈকট্যশীল ফেরেস্তা, প্রেরিত নাবী এবং সৎ বান্দাদের কাছে পৌঁছে যাবে।”- আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই। আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর বান্দা ও রাসূল)।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২১৯; সহীহ আল বুখারী: ১২২০; সহীহ ইবনু খুযাইমাহ: ৭০৪; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/২৬৩; তাবারানী আল কাবীর: ৯৯০২; আবূ আওয়ানা: ২/২২৯; সুনান বাইহাকী: ২/১৩৮; মুসনাদ আহমাদ: ১/৪৩১; আবূ দাউদ: ৯৬৮; ইবনু মাজাহ: ৮৯৯; সহীহ মুসলিম: ৪০২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৭৮; নাসাঈ: ৩/৪১; দারেমী: ১/৩০৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91270

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন